দৈনিক ইনকিলাব

2-5 MAR 20-3

নকল প্রতিরোধে ব্যাপক পদক্ষেপ নেয়া হয়েছে

# আসন্ন এসএসসি পরীক্ষা ❑ নকলপ্রবণ ঝুঁকিপূর্ণ কেন্দ্রসমূহের তালিকা প্রকাশ

**স্টাফ রিপোর্টার :** এবারের এসএসসি পরীক্ষায় সারাদেশের ৭টি শিক্ষা বোর্ডে মোট ৮৪৬টি কেন্দ্রের মধ্যে ১৫৬টি কেন্দ্রকে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করে এসব কেন্দ্রে নকল প্রতিরোধে ব্যাপক পদক্ষেপ নেয়া হয়েছে। এসব ঝুঁকিপূর্ণ কেন্দ্রে পুলিশের পাশাপাশি বিডিআর এমনকি কোথাও কোথাও সেনাবাহিনী মোতায়েনের পরামর্শ দেয়া হয়েছে। এছাড়া কেন্দ্রগুলোতে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলো ভিডিও ক্যামেরা এবং বোর্ড ও মন্ত্রণালয়ের ভ্রাম্যমাণ পরিদর্শক দল প্রেরণের সিদ্ধান্ত নিয়েছে। এই কেন্দ্রগুলোর তদারককারী জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের যে কোন বিশৃংখলাপূর্ণ পরিস্থিতির জন্য সাথে সাথে সংশ্লিষ্ট কেন্দ্র বাতিল করার জন্য একাধিক বিকল্প কেন্দ্র প্রস্তুত রাখারও পরামর্শ দেয়া হয়েছে।

**রাজশাহী বোর্ড**

রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৩ কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## এসএসসি : নকলপ্রবণ কেন্দ্রসমূহের তালিকা

৮-এর পৃষ্ঠার পর

কেন্দ্রের সংখ্যা হচ্ছে ৪৯টি। এগুলো হচ্ছে- রাজশাহী জেলার চারঘাট, বাগমারা, বাঘা, নাটোরের নলডাঙ্গা, গুরুদাসপুর, নওগাঁর মান্দা, আত্রাই, ধামইরহাট, সাপাহার, পাবনার ভাঙ্গুড়া, ধোবাখোলা (সন্ন্যাসী), দড়িভাউডাঙ্গা, সিরাজগঞ্জের বেলকুচি, তাড়াশ, সলঙ্গা, কামারখন্দ, চৌহালী, তালগাছী, বগুড়ার ধুনট, আদমদীঘি, শিবগঞ্জ, নামুজা, নন্দীগ্রাম, সোনাতলা, গাবতলী, মোকামতলা, রংপুরের পীরগঞ্জ, বদরগঞ্জ, শ্যামপুর, কাউনিয়া, গংগাচড়া, ভেণ্ডাবাড়ী, শঠিবাড়ী, গাইবান্ধার সাদুল্যাপুর, নলডাঙ্গা, সুন্দরগঞ্জ, নীলফামারীর কিশোরগঞ্জ, চিলাহাটী, কুড়িগ্রামের ভিতরবন্দ, উলিপুর, ফুলবাড়ী, দিনাজপুরের বিরল, বিরামপুর, চিরিরবন্দর, দাউদপুর, কাহারোল, ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী এবং পঞ্চগড়ের আটোয়ারী।

**কুমিল্লা বোর্ড**

কুমিল্লা শিক্ষা বোর্ডের ১২৫ কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২৭টি। এগুলো হচ্ছে- কুমিল্লার বরুড়া আড্ডা উমেদিয়া উচ্চ বিদ্যালয়, বরুড়া তলাগ্রাম ত. চ. লাহা উচ্চ বিদ্যালয়, নাঙ্গলকোট ও আর পাইলট উচ্চ বিদ্যালয়, নাঙ্গলকোট ঢালুয়া উচ্চ বিদ্যালয়, নাঙ্গলকোট বাদশা মিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়, চৌদ্দগ্রাম গুনবতী উচ্চ বিদ্যালয়, দাউদকান্দি আদর্শ উচ্চ বিদ্যালয়, দাউদকান্দি গৌরীপুর সুবল আফতাব উচ্চ বিদ্যালয়, নোয়াখালীর বেগমগঞ্জ হয়ানী উচ্চ বিদ্যালয়, বেগমগঞ্জ আমিশাপাড়া কৃষক উচ্চ বিদ্যালয়, বেগমগঞ্জ কাশিপুর উচ্চ বিদ্যালয়, বেগমগঞ্জ জমিদারহাট বিএন উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর সদরের মান্দারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদরের মুকুন্দপুর উচ্চ বিদ্যালয় ও কসবা কুটি অটলবিহারী উচ্চ বিদ্যালয়।

**ঢাকা বোর্ড**

ঢাকা শিক্ষা বোর্ডের ২২২টি কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২৩টি। এগুলো হচ্ছে- গাজীপুরের কাপাসিয়া সিংহশ্রী ইউঃ উচ্চ বিদ্যালয় ও সিংহশ্রী ঘাগটিয়ারচালা বিদ্যালয়, মুন্সীগঞ্জ সদরের কে কে গভঃ ইনস্টিটিউশন ও গজারিয়া ভবের চর হাইস্কুল, শেখরনগর রায়বাহাদুর শ্রীনাথ ইনস্টিটিউট শ্রীনগর, সিরাজদিখান কুচিয়া মোড়া আদর্শ বিদ্যালয়, ফরিদপুরের নগরকান্দা এমএন একাডেমী, নেত্রকোনা সদরের মদনপুর শাহ সুলতান উচ্চ বিদ্যালয় ও বানিয়াজান সিটি পাইলট উচ্চ বিদ্যালয়, নেত্রকোনার কেন্দুয়া জয়হরি স্প্রাই সরকারী উচ্চ বিদ্যালয়, আতজিয়া জেএমসি শিক্ষা প্রতিষ্ঠান, পূর্বধলা জেএন পাইলট উচ্চ বিদ্যালয়, জালগুকা কুমুদগঞ্জ উচ্চ বিদ্যালয়, আটপাড়ার তেলিগাতী বিএনএইচকে একাডেমী ও খালিয়াজুরী পাইলট উচ্চ বিদ্যালয়, জামালপুর সদরের নান্দিনা উচ্চ বিদ্যালয়, কেন্দুয়া বাংলাদেশ উচ্চ বিদ্যালয়, নুরুন্দী উচ্চ বিদ্যালয়, ইসলামপুর নেকজাহান পাইলট উচ্চ বিদ্যালয়, ইসলামপুর গুঠাইল উচ্চ বিদ্যালয়, সরিষাবাড়ী পিংনা উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ পাটাদহ কয়ড়া উচ্চ বিদ্যালয় এবং শেরপুরের নকলা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়।

**চট্টগ্রাম বোর্ড**

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ৯৯ কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২১টি। এগুলো হচ্ছে চট্টগ্রামের রাঙ্গুনিয়া উত্তর পদুয়া উচ্চ বিদ্যালয়, সন্দ্বীপ সন্তোষপুর উচ্চ বিদ্যালয়, সন্দ্বীপ কার্গিল সরকারী উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সন্দ্বীপ আবেদা ফয়েজ বালিকা উচ্চ বিদ্যালয় শিবেরহাট, ফটিকছড়ি করোনেশন আদর্শ উচ্চ বিদ্যালয়, দাঁতমারা এ বি জেড সিকদার উচ্চ বিদ্যালয়, জাঁহাপুর আমজাদ আলী আবদুল হাদী ইনস্টিটিউশন, ফটিকছড়ি নানুপুর আবু সোবহান উচ্চ বিদ্যালয়, রাউজান দেওয়ানপুর এস কে সেন উচ্চ বিদ্যালয়, কক্সবাজারের চকরিয়া সরকারী বালক উচ্চ বিদ্যালয়, কুতুবদিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, মহেশখালী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, উখিয়া উচ্চ বিদ্যালয়, টেকনাফ পাইলট উচ্চ বিদ্যালয়, রাঙ্গামাটির বাঘাইছড়ি কাচালং উচ্চ বিদ্যালয়, কাউখালী পোয়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, নানিয়ারচর উচ্চ বিদ্যালয়, বিলাইছড়ি উচ্চ বিদ্যালয়, বরকল সদর উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ির পানছড়ি উচ্চ বিদ্যালয় ও লক্ষ্মীছড়ি উচ্চ বিদ্যালয়।

**বরিশাল বোর্ড**

বরিশাল শিক্ষা বোর্ডের ৬০ কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১৯টি। এগুলো হচ্ছে বরিশালের মুলাদী মাহমুদ জান মাধ্যমিক বিদ্যালয়, কামারখালী কে এস ইউ মাধ্যমিক বিদ্যালয়, বানারীপাড়া বাইশারী মাধ্যমিক বিদ্যালয়, উজিরপুর ধামুরা মাধ্যমিক বিদ্যালয়, আগপুর আলতাফ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, বাবুগঞ্জ, আগৈলঝাড়া বি এইচ [illegible]শি একাডেমী, গৌরনদী মাধ্যমিক বিদ্যালয়, গৌরনদী সরিকল মাধ্যমিক বিদ্যালয়, বাখেরগঞ্জ কলসকাঠী বি এম একাডেমী, সাহেবগঞ্জ জে এস ইউ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বাখেরগঞ্জ, ভোলার দৌলতখান সরকারী মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন মাধ্যমিক বিদ্যালয়, চরফ্যাশন টিবি মাধ্যমিক বিদ্যালয়, বোরহানউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠির রাজাপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কাঠালিয়া মাধ্যমিক বিদ্যালয় ও কাঠালিয়া আমুয়া বন্দর আমীর মোল্লা মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালীর কালিগুরী এস এ ইনস্টিটিউশন বাউফল ও দশমিনা মাধ্যমিক বিদ্যালয়।

**যশোর বোর্ড**

যশোর শিক্ষা বোর্ডের ৯৯ কেন্দ্রের মধ্যে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১৪টি। এগুলো হচ্ছে কুষ্টিয়ার ভেড়ামারা পাইলট উচ্চ বিদ্যালয়, সবুজকলি হাইস্কুল, ভেড়ামারা ডিগ্রী কলেজ, দৌলতপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর পাইলট গার্লস মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর ডিগ্রী কলেজ, খাসমথুরাপুর, বড়গাংদিয়া ও ফিলিপনগর, মেহেরপুর সরকারী বিদ্যালয় ও মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয়, গাংনী মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা মেমনগর মাধ্যমিক বিদ্যালয় ও মুন্সীগঞ্জ একাডেমী।

**সিলেট বোর্ড**

সিলেট শিক্ষা বোর্ডের ৫৮ [illegible] মধ্যে